







বাঙালি (Bengali)

# এন ডি আই এস এ অংশ নেওয়ার সময় সহায়ক শব্দ (ন্যাশনাল ডিসএবিলিটি ইনস্যুরেন্স স্কিম)

## (National Disability Insurance Scheme)

Helpful words when accessing the National Disability Insurance Scheme (NDIS)

Ethnic Community Services Co-operative
A voice for diversity and inclusion

# এন ডি আই এস এ অংশ নেওয়ার সময় সহায়ক শব্দ (ন্যাশনাল ডিসএবিলিটি ইনস্যুরেন্স স্কিম)

Helpful words when accessing the National Disability Insurance Scheme (NDIS)

### সহায়তার জন্য আবেদন (Access request)

কীভাবে আপনি এন ডি আই এস এ আবেদন করবেন এবং এতে অংশ নেবেন

### সম্পাদন করা (Achieve)

সফলভাবে শেষ করা; সম্পাদন করা; সম্পন্ন করা

### পক্ষসমর্থন (Advocacy)

আপনার নিজের কিংবা অন্য কাউকে তাদের আকাঙ্ক্ষিত কোনো কিছু পাওয়ার ক্ষেত্রে জোরালোভাবে পক্ষাবলম্বন করা

### উকিল (Advocate)

আপনি যা চাচ্ছেন তা পাওয়ার জন্য আপনাকে যে ব্যক্তি সহায়তা করছেন

### মূল্যায়ন (Assessment)

আপনার সম্পর্কে এবং আপনি কী চাচ্ছেন সে সম্পর্কে জানার উপায়

### প্রতিবন্ধকতা (Barriers)

সেবা পাওয়া কিংবা অগ্রগতির পথে যে বিষয়গুলো বাধার সৃষ্টি করে। এটি হতে পারে কোনো শারীরিক কিংবা সামাজিক প্রতিবন্ধকতা (যেমন কারও মনোভাব, ভাষা ইত্যাদি)

### সক্ষমতা গড়ে তোলা (Capacity Building)

যে সহায়তা একজন অংশগ্রহণকারীকে তার আত্মনির্ভরশীলতা এবং দক্ষতা গড়ে তুলতে সক্ষম করে তোলে, যেমন নির্দিষ্ট কোনো সুযোগ সুবিধা পাওয়া

### সহায়তা (এন ডি আই এস পরিকল্পনার আওতায়) [Capital Support (in NDIS plan)]

কোনো বিনিয়োগ, যেমন সহায়ক প্রযুক্তি, সরঞ্জাম এবং বাড়ি ও গাড়ীতে পরিবর্তন, বড় ধরণের কোনো ব্যয়ের জন্য অর্থের যোগান দেওয়া

### কম্যুনিটিতে অংশগ্রহণ (Community Participation)

প্রতিবন্ধী ব্যক্তিদের কম্যুনিটির একজন সদস্য হয়ে বেঁচে থাকতে এবং মানুষকে নতুন নতুন দক্ষতা শেখায় সহায়তা প্রদানকারী প্রতিষ্ঠান

### অভিযোগ দায়ের (Complaint)

আপনার অসন্তুষ্টির কারণ হয়েছে এমন কোনো বিষয় নিয়ে অভিযোগ দায়ের করা

### মৌলিক সহায়তা (এন ডি আই এস পরিকল্পনার আওতায়) [Core Support (in NDIS plan)]

একজন আংশগ্রহণকারীকে দৈনন্দিন কাজকর্ম সম্পাদন এবং তার লক্ষ্য ও উদ্দেশ্য পূরণে কাজ করায় সক্ষম করে তোলার জন্য সহায়তা

### দ্রুত পদক্ষেপ নেওয়া (Early Intervention)

একটি শিশুর জীবনে প্রতিবন্ধীত্বের প্রভাব কমানো এবং তার জীবনযাত্রার মান উন্নয়নের জন্য শৈশবে কিংবা প্রতিবন্ধীত্ব শনাক্ত করার পরপরই সহায়তা প্রদান করা

### যোগ্য (এন ডি আই এস এর জন্য) [Eligible (for the NDIS)]

এন ডি আই এস এ অংশ নেওয়ার জন্য যোগ্য হওয়া

### আনুষ্ঠানিক সহায়তা (Formal Supports)

কোনো ব্যক্তি কিংবা পরিষেবা প্রদানকারী প্রতিষ্ঠান যেমন ফিজিওথেরাপি কর্তৃক অর্থের বিনিময়ে প্রদত্ত সেবা

### অনুদানকৃত সহায়তা (Funded Supports)

যেসকল সহায়তার জন্য অর্থ ব্যয় করতে হয় এবং যে অর্থ এন ডি আই এস পরিশোধ করে

## লক্ষ্য (Goal)

কাঙ্খিত কিংবা সম্ভাব্য যে ফল অর্জনের জন্য একজন ব্যক্তি মনে মনে ভাবে ও পরিকল্পনা করে এবং তা অর্জনের জন্য প্রতিশ্রুতিবদ্ধ হয়। যেমন একটি লক্ষ্য হতে পারে কোনো স্পোর্টিং ক্লাবে যোগ দেওয়া কিংবা নতুন কোনো দক্ষতা শেখা

## সংযুক্তি (Inclusion)

কম্যুনিটির একজন সদস্য হিসেবে গৃহীত হওয়া

## ব্যক্তি বিশেষের জন্য অনুদান (Individualised Funding)

এন ডি আই এস এর মাধ্যমে কোনো প্রতিবন্ধী ব্যক্তিকে অর্থ সহায়তা করা

## অনানুষ্ঠানিক সহায়তা (Informal Supports)

পরিবার কিংবা পরিচর্যাকারী বন্ধুবান্ধব কর্তৃক প্রদত্ত যেকোনো বিনামূল্যের সেবা

## তথ্য, সমন্বয় এবং সক্ষমতা গড়ে তোলা ILC (Information, Linkages and Capacity Building ILC)

এর উদ্দেশ্য হল কম্যুনিটি, প্রতিবন্ধী ব্যক্তি এবং তাদের পরিবার ও পরিচর্যাকারীদের সক্ষমতা গড়ে তোলা

## আজীবন সহায়তা (Lifelong support)

বর্তমান ও ভবিষ্যতে যে সহায়তার প্রয়োজন হবে

## স্থানীয় সমন্বয়কারী (এল এ সি) [Local Area Co-ordinator (LAC)]

স্থানীয় সমন্বয়কারী এন ডি আই এস পরিকল্পনা তৈরিতে সহযোগিতা করে, কম্যুনিটির সক্ষমতা ও সচেতনতা গড়ে তোলার জন্য কার্যক্রম পরিচালনা করে, এবং প্রয়োজনমত অংশগ্রহণকারীর জন্য সহায়তা খুঁজে বের করা এবং তার সমন্বয়ের ক্ষেত্রে সহযোগিতা করে।

## প্রচলিত সহায়তা (Mainstream Supports)

যেসকল পরিষেবা কেবল প্রতিবন্ধী ব্যক্তি নয়, বরং বিভিন্ন ধরণের লোকদের সহায়তা প্রদান করে যেমন শিক্ষা, অর্থ সহায়তা, আবাসন, কর্মসংস্থান, গণ পরিবহন কিংবা স্বাস্থ্যসেবা

## অনুদান ব্যবস্থাপনা (Management of Funding)

প্রয়োজনীয় সহায়তা ও পরিষেবার জন্য আপনি কীভাবে অর্থ প্রদান করছেন তার হিসেব রাখা। এর মধ্যে কয়েকটি পদ্ধতি হল নিজে নিজে ও এন ডি আই এস কর্তৃক আপনার অনুদানের হিসেব রাখা কিংবা এর জন্য কোনো পরিষেবা প্রদানকারী প্রতিষ্ঠান নিয়োগ করা

## ন্যাশনাল ডিসএবিলিটি ইনস্যুরেন্স এজেন্সি (National Disability Insurance Agency)

এন ডি আই এ হচ্ছে এন ডি আই এস পরিচালনাকারী একটি প্রতিষ্ঠান। এই প্রতিষ্ঠান প্রতিবন্ধী ব্যক্তিদেরকে তাদের লক্ষ্য অর্জনে এবং দৈনন্দিন জীবনযাপনের ক্ষেত্রে সহায়তা প্রদান করে।

## এন ডি আই এ এজেন্সি কর্তৃক নিয়ন্ত্রিত (NDIA Agency Managed)

এন ডি আই এ যখন আপনার এন ডি আই এস এর আওতাধীন সহায়তা তহবিল নিয়ন্ত্রণ করে

## ন্যাশনাল ডিসএবিলিটি ইনসিওরেন্স স্কিম (এন ডি আই এস) [National Disability Insurance Scheme (NDIS)]

ন্যাশনাল ডিসএবিলিটি ইনসিওরেন্স স্কিম প্রতিবন্ধী অস্ট্রেলিয়ান, তাদের পরিবার এবং পরিচর্যাকারীদের জন্য সহায়তা প্রদানের একটি নতুন পদ্ধতি

## অংশগ্রহণকারী (Participant)

একজন প্রতিবন্ধী ব্যক্তি যার একটি এন ডি আই এস পরিকল্পনা রয়েছে

## অংশগ্রহণকারীর পরিকল্পনা (Participant Plan)

অংশগ্রহণকারীর সুনির্দিষ্ট প্রয়োজন অনুযায়ী তৈরি করা একটি স্বতন্ত্র পরিকল্পনা যার উদ্দেশ্য হল নিজস্ব পছন্দ এবং আত্মনির্ভরশীলতাকে আরও বাড়িয়ে দেওয়া

## স্থায়ী ও উল্লেখযোগ্য (Permanent & Significant)

যে প্রতিবন্ধীত্ব একজন ব্যক্তির বাকি জীবন ধরে বিদ্যমান থাকবে এবং যার কারণে ঐ ব্যক্তি কারও সহযোগিতা ছাড়া তার দৈনন্দিন কাজকর্ম করতে পারবে না।

## ব্যক্তি কেন্দ্রিক ব্যবস্থা (Person Centred Approach)

একজন ব্যক্তিকে তার নিজের চাহিদামাফিক পরিচর্যার ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণের কেন্দ্রবিন্দুতে রাখা

## পরিকল্পনা ব্যবস্থাপনা (Plan Management)

যখন এন ডি আই এ কর্তৃক নিবন্ধিত কোনো ব্যক্তি কিংবা সংস্থা আপনার এন ডি আই এস পরিকল্পনার আওতায় সহায়তা তহবিলগুলোর হিসেব রাখার ক্ষেত্রে আপনাকে সহযোগিতা করে

## পরিকল্পনা তৈরির জন্য মিটিং (Planning Meeting)

একটি আলোচনা সভা যেখানে একজন পরিকল্পনাকারী, অংশগ্রহণকারী এবং তাঁকে সহায়তা প্রদানকারী অন্য যেকোনো ব্যক্তি একটি ব্যক্তিগত সহায়তা পরিকল্পনা তৈরি করতে তার সাথে এক হয়ে কাজ করে

## যুক্তিসঙ্গত ও প্রয়োজনীয় (Reasonable & Necessary)

সহায়তা হতে হবে অংশগ্রহণকারীর প্রতিবন্ধীত্বের সাথে সংশ্লিষ্ট; তাতে এমন কোনো দৈনন্দিন জীবনযাত্রার ব্যয় যুক্ত থাকবে না যা অংশগ্রহণকারীর প্রতিবন্ধীত্ব সহায়তা চাহিদাগুলোর সাথে সম্পর্কিত নয়; অর্থের বিনিময়ে প্রকৃত সেবা মিলবে; হতে হবে অংশগ্রহণকারীর জন্য সম্ভাব্য উপকারী ও কার্যকরী, এবং তার পরিবার, পরিচর্যাকারী, নেটওয়ার্ক, এবং কম্যুনিটি দ্বারা প্রদত্ত অপ্রাতিষ্ঠানিক সহায়তাগুলোকেও তা বিবেচনায় রাখবে।

## রেফারেল (Referral)

অন্য কোনো পরিষেবা সম্পর্কে আপনাকে দেওয়া তথ্য কিংবা আপনাকে সহায়তা করতে পারবে এমন কোনো পরিষেবায় পাঠানো

## নিবন্ধিত পরিষেবা প্রদানকারী (Registered Service Provider)

প্রতিবন্ধীদের সহায়তা প্রদানকারী একটি প্রতিষ্ঠান যা শিক্ষাগত যোগ্যতা, অনুমোদন, অভিজ্ঞতা এবং অনুমোদিত সহায়তাগুলো প্রদানের ক্ষেত্রে তাদের সক্ষমতার আবশ্যকতা সহ যে আইনের আওতায় সেগুলো প্রদান করা হবে তার মানদণ্ডগুলো পূরণ করেছে

## স্ব নিয়ন্ত্রিত (Self-Managed)

যেখানে অনুদান ও সহায়তাগুলো অংশগ্রহণকারী ব্যক্তি ও তার পরিবারের দ্বারা নিয়ন্ত্রিত হবে

## পরিষেবা প্রদানকারী (Service Provider)

কোনো ব্যক্তি কিংবা সংস্থা যারা একজন অংশগ্রহণকারীকে সহায়তা প্রদান করে অথবা কোনো পণ্য সরবরাহ করে

## সহায়তা (Support)

যে সহযোগিতা একজন অংশগ্রহণকারীকে তার লক্ষ্য, উদ্দেশ্য এবং আকাঙ্ক্ষা পূরণে, এবং তাদের সামাজিক ও অর্থনৈতিক অংশগ্রহণকে সক্ষম করতে কার্যক্রম পরিচালনায় সহায়তা করে

## সহায়তা সমন্বয়কারী (Support Co-ordination)

একটি নিবন্ধিত পরিষেবা যা অংশগ্রহণকারীদের সহায়তা খুঁজে বের করা এবং তার ব্যবস্থাপনায় সহায়তা করে

## সহায়তা পরিকল্পনা (Support Plan)

একজন ব্যক্তির জীবনের প্রতিটি ক্ষেত্রের জন্য তৈরি করা একটি পরিকল্পনা। এই পরিকল্পনাটি প্রতিবন্ধী ব্যক্তি, তার অভিভাবক/পরিচর্যাকারী, কর্মচারী ও পেশাজীবীর সাথে আলোচনা করে তৈরি করা হয়।

## তৃতীয় পক্ষ কর্তৃক পরিচালিত (Third Party Managed)

এন ডি আই এ এর সাথে নিবন্ধিত কোনো ব্যক্তি কিংবা সংস্থা যারা আপনার এন ডি আই এস পরিকল্পনার আওতায় প্রদত্ত সহায়তা তহবিলের হিসেব রাখতে আপনাকে সহায়তা করে

## পরিবৃত্তি (Transition)

আপনার জীবনের কোনো একটি সময় যখন আপনি একটি স্থান, কর্মসূচী কিংবা পরিষেবা থেকে অন্য একটিতে স্থানান্তরিত হচ্ছেন

# যোগাযোগ

**02 9569 1288**

**Disclaimer:** ECSC has strived to achieve the highest degree of accuracy in the development of this resource. Any discrepancies of differences created in the translation are not binding and have no legal effect for compliance or enforcement purposes.